

কালের বর্ধ

উত্তরা ইউনিভার্সিটিতে সাবেক শিক্ষার্থীদের ল' অ্যালামনাই রিইউনিয়ন

০৬ জুলাই, ২০২৪ ১৭:৩৬



উত্তরা ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে আইন বিভাগের সাবেক শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হয়ে গেল 'ল' অ্যালামনাই রিইউনিয়ন-২০২৪।

শনিবার (৬ জুলাই) সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে এই আয়োজন করা হয়। অনুষ্ঠানে আইন বিভাগের সাবেক ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রায় তিন শতাধিক অ্যাডভোকেট উপস্থিত ছিল।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিচারপতি নাইমা হায়দার, বাংলাদেশ সুপ্রিম কোর্ট (হাইকোর্ট ডিভিশন), প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আর লেখা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী।

গেষ্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক, সিনিয়র আইনজীবী, শাহ্ মনজুরুল হক এবং মো. মোস্তাফিজুর রহমান, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রফেসর ড. জাকির হোসেন, ডিন, স্কুল অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্স ও চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব ল', উত্তরা ইউনিভার্সিটি।

প্রধান অতিথি বিচারপতি নাইমা হায়দার তার বক্তব্যে অনুষ্ঠানে আগত অ্যাডভোকেটদের উদ্দেশে বলেন, 'আপনারা আপনাদের পেশাগত জীবনে শুধুমাত্র অর্থের পেছনে নয়, যদি নিষ্ঠার সাথে নিজেকে দেশের সেবক মনে করে কাজ করতে পারেন তাহলে সম্মান এবং ঐশ্বর্য দুটোই অর্জন করতে পারবেন।'

প্রধান পৃষ্ঠপোষক ও উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা তার বক্তব্যে বলেন, 'এখন পর্যন্ত উত্তরা ইউনিভার্সিটির আইন বিভাগ থেকে পড়াশোনা শেষ করে প্রায় তিন হাজার শিক্ষার্থী আইন পেশার সাথে নিয়োজিত রয়েছেন এবং সুনামের সাথে তারা তাদের মেধার স্বাক্ষর দিয়ে যাচ্ছেন, আমার কাছে এবং গোটা উত্তরা ইউনিভার্সিটি পরিবারের কাছে এটা একটা গর্বের বিষয়।

বিশেষ অতিথির বক্তব্যে উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী বলেন, 'উত্তরা ইউনিভার্সিটি দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে লিডারশিপ তৈরির এক অন্যতম বিদ্যাপীঠ। এই রিইউনিয়ন এটাই প্রমাণ করে।'

অনুষ্ঠানে সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক, সিনিয়র আইনজীবী, শাহ মনজুরুল হক বলেন, 'আপনাদের উদ্দেশে আমি বলতে চাই, আপনারা যে যত বেশি আত্মবিশ্বাসী হবেন সে তত বেশি এই পেশাতে প্রতিষ্ঠিত হতে পারবেন।'

উত্তরা ইউনিভার্সিটি সম্পর্কে তিনি বলেন, 'ইউনিভার্সিটির শিক্ষার পরিবেশ, সুদক্ষ পরিচালনা পর্ষদ, কাঠামোগত উন্নয়ন ও এখানকার গ্রাজুয়েটদের কোয়ালিটি দেখে অভিভূত।